Elearning Info
https://www.elearninginfo.in

2023

# BENGALI

Paper : BEN-4026

*Full Marks : 80*

Time : Three hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২×৮=১৬

(ক) 'Allophone' বা উপধ্বনি কাকে বলে ?

(খ) 'Phoneme' শব্দটি কত সালে এবং কে প্রথম আবিষ্কার করেন।

(গ) *দুটি* ভুয়া শব্দের উদাহরণ দাও।

(ঘ) অপাদান কারকে ব্যবহৃত *দুটি* বিভক্তির উল্লেখ করো।

(ঙ) রোমক লিপ্যন্তরের প্রায়োগিক গুরুত্ব কী ?

(চ) দললিপি কাকে বলে।

(ছ) *দুজন* সমাজ-ভাষাবিজ্ঞানীর নাম উল্লেখ করো।

(জ) বহুভাষিকতা বলতে কী বোঝো।

*Contd.*

২। *যে-কোনো চারটি* প্রশ্নের সংক্ষেপে উত্তর লেখো ঃ

৬×৪=২৪

(ক) বিভাজ্য ও অবিভাজ্য ধ্বনি কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

(খ) শব্দদ্বৈতের বিভিন্ন প্রকারভেদ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) শব্দার্থ পরিবর্তনের বিবিধ কারণ বিশ্লেষণ করো।

(ঘ) নিচের শব্দগুলো আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো ঃ বঙ্কিমচন্দ্র, চঞ্চল, শ্রীকৃষ্ণকীর্তন, লক্ষ্মীপূজা, রুদ্ধশ্বাস, ভারততত্ত্ব।

(ঙ) পিজিন ও ক্রেওলের দৃষ্টান্তসহ সংজ্ঞা লেখো।

৩। (ক) বাঙ্‌মীমাংসা, ভাষাবিজ্ঞান ও ব্যাকরণের পারস্পরিক সম্পর্ক, বিরোধ ও বৈশিষ্ট্য সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো। ১০

*অথবা*

(খ) স্বনিম বিশ্লেষণের রীতি পদ্ধতি (Method of Phonemic Analysis) সম্পর্কে বিস্তৃতভাবে আলোচনা করো।

৪। (ক) বাংলা অসমাপিকা ক্রিয়াপদের গঠন সম্পর্কে ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) রূপিম শনাক্তকরণের জন্য নিডার সূত্রগুলি উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

৫। (ক) চমস্কির পদসাংগঠনিক ব্যাকরণ (Phrase Structure Grammar) মডেলটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। এই মডেলের দুর্বলতা কী কী ছিল তা উল্লেখ করো। ১০

*অথবা*

(খ) আবশ্যিক এবং ঐচ্ছিক রূপান্তর সূত্র বলতে কী বোঝ ? এই প্রসঙ্গে চমস্কির ১৯৫৭ সালের রূপান্তর ব্যাকরণ তত্ত্ব ব্যাখ্যা করো।

৬। (ক) সমাজ ভাষাবিজ্ঞানের সাধারণ পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) দ্বিবাচন বা ডায়গ্লসিয়া কী ? বাংলা ভাষায় ডায়গ্লসিয়ার ব্যবহার দেখাও।

---